দৈনিক ইত্তেফাক

তারিখ 06 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৮

34

# ৪ মাস পর বুধবার চট্টগ্রাম ভার্সিটি খুলিতেছে

চট্টগ্রাম অফিস ॥ আগামী বুধবার হইতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হইবে ও হলসমূহ খুলিয়া দেওয়া হইবে। বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, ঐদিন সকাল সাড়ে ৮টা হইতে রাত সাড়ে ৮টা পর্যন্ত সকল আবাসিক ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশের অনুমতি দেওয়া হইবে, হলে প্রবেশকালে আবা-

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ৪ মাস পর

(১ম পৃঃ পর)

সিক ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র ও হল জামানত রসিদ কর্তৃপক্ষকে দেখাইতে হইবে। কোন অবস্থাতেই অনাবাসিক ছাত্রদের হলে প্রবেশের অনুমতি দেওয়া হইবে না।

উল্লেখ্য, প্রায় ৪ মাস পূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের নিকট মোহাম্মদ মুসা নামের ছাত্রদলের এক কর্মীর হত্যাকাণ্ডের ঘটনার পর বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়।